



# বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যান্জে রোড, বখশি বাজার, ঢাকা-১২১১

Website: [www.bmeb.gov.bd](http://www.bmeb.gov.bd), E-mail: [info@bmeb.gov.bd](mailto:info@bmeb.gov.bd), Fax: 58616681, 58617908, 9615576



মাদ্রাসা  
শতবর্ষ  
100

নং-বামাশিবো/প্রশাসন/৭৭৬/২/টাঙ্গাইল-১৬৬

তারিখ: ৩০ চৈত্র ১৪২৭ বঙ্গাব্দ  
১৬ এপ্রিল ২০২১ খ্রিষ্টাব্দ

বিষয়: পাঁচটিকড়ী দাখিল মাদ্রাসার এডহক কমিটির সভাপতি পদে জনাব মো: জহিরুল ইসলাম (বাবু)কে মনোনয়ন প্রসঙ্গে।

সূত্র: মাদ্রাসা শিক্ষা বোর্ডের স্মারক নং-বামাশিবো/প্রশাসন/টাঙ্গাইল-১৬৬/৭৭৬/৪; তারিখ: ২৫.০৩.২০২১ খ্রি.

উপর্যুক্ত বিষয়ের আলোকে টাঙ্গাইল জেলার ঘাটাইল উপজেলাধীন পাঁচটিকড়ী দাখিল মাদ্রাসার বিদ্যমান এডহক কমিটির সভাপতি জনাব মোহাম্মদ শরিফ হোসেনকে পরিবর্তন করে জনাব মো: জহিরুল ইসলাম (বাবু)কে মনোনয়ন দেয়ার জন্য মাননীয় সংসদ সদস্য ১৩২, টাঙ্গাইল-৩ একখানা ডিওপত্র প্রেরণ করেন। ডিওপত্র পর্যালোচনায় দেখা যায়, মাদ্রাসার সুপার কাউকে না জানিয়ে গোপনে নিজের মত করে এডহক কমিটি গঠন করে বোর্ড হতে অনুমোদন নেন। এরই প্রেক্ষিতে অত্র বোর্ড সূত্রোক্ত স্মারকে কেন অনুমোদিত এডহক কমিটির সভাপতি পদ বাতিল করা হবে না সুপারকে তার কারণ দর্শানো হয়। সুপার কারণ দর্শানোর জবাবে অনিচ্ছাকৃত ভুলের জন্য ক্ষমাপ্রার্থনা করেছেন একইসাথে সাথে স্থানীয় মাননীয় সংসদ সদস্যের সুপারিশকৃত ব্যক্তিকে সভাপতি পদে মনোনয়ন দেয়া হলে সুপারের কোন আপত্তি নাই মর্মে জবাবে উল্লেখ করেছেন।

বর্ণিত অবস্থায় সুপারের জবাব ও স্থানীয় মাননীয় সংসদ সদস্যের সুপারিশকৃত ব্যক্তিকে বিবেচনায় নিয়ে প্রতিষ্ঠানটি সুষ্ঠুভাবে পরিচালনার স্বার্থে বিগত ২৮/০২/২০২১ খ্রি. তারিখের নং-বামাশিবো/প্রশা/ ২৩১২১১১৪১৮৫১/৩৬২৮৭/নথি নং-১৬৬ স্মারকে অনুমোদিত এডহক কমিটির অবশিষ্ট মেয়াদের জন্য জনাব মো: জহিরুল ইসলাম (বাবু), পিতা: মো: হুমায়ুন কবিরকে সভাপতি পদে মনোনয়ন দেয়া হলো।

যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।

  
৩০.০৪.২০২১

মোঃ সিদ্দিকুর রহমান

রেজিস্ট্রার


ফোন: ৯৬১২৮৫৮

ই-মেইল: [registrar@bmeb.gov.bd](mailto:registrar@bmeb.gov.bd)

সুপার

পাঁচটিকড়ী দাখিল মাদ্রাসা,

পাঁচটিকড়ী, ঘাটাইল, টাঙ্গাইল;

  
৩০/০৪/২০২১

নং-বামাশিবো/প্রশাসন/ ৭৭৬/২/টাঙ্গাইল-১৬৬

তারিখ: ৩০ চৈত্র ১৪২৭ বঙ্গাব্দ  
১৬ এপ্রিল ২০২১ খ্রিষ্টাব্দ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. জেলা প্রশাসক, টাঙ্গাইল;
২. জেলা শিক্ষা অফিসার, টাঙ্গাইল;
৩. উপজেলা নির্বাহী অফিসার, ঘাটাইল, টাঙ্গাইল;
৪. জনাব মো: জহিরুল ইসলাম (বাবু), সভাপতি, পাঁচটিকড়ী দাখিল মাদ্রাসা, পাঁচটিকড়ী, ঘাটাইল, টাঙ্গাইল;
৫. পি ও টু চেয়াম্যান, পি এ টু রেজিস্ট্রার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
৬. অফিস কপি।


  
৩০/০৪/২১

মোঃ ওমর ফারুক

উপ-রেজিস্ট্রার (প্রশাসন)

ফোন: ৯৬৭৪৮৭৪

ই-মেইল: [dradmin@bmeb.gov.bd](mailto:dradmin@bmeb.gov.bd)

  
৩০/০৪/২০২১